গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা ২৪৯/২০১৮-২০১৯
ঢাকা, ২০ জুন বৃহস্পতিবার ২০১৯, ৬ আষাঢ় ১৪২৬
আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। রাষ্ট্রপতি ৭ দিনের সরকারি সফর শেষে গতকাল দেশে ফিরেছেন
২। রাষ্ট্রপতি সমরকন্দে ইমাম বুখারীর মাজার জিয়ারত করেন
৩। সবার জন্য স্বাস্থ্যবিমা চালুর পরিকল্পনা আছে : সংসদে প্রধানমন্ত্রী
৪। এশিয়া প্যাসিফিকে প্রবৃদ্ধিতে শীর্ষে বাংলাদেশ : প্রধানমন্ত্রীর কাছে এডিবি প্রতিবেদন হস্তান্তর
৫। প্রধানমন্ত্রী বিশ্ব পরিবেশ দিবস ও বৃক্ষমেলা উদ্বোধন করবেন আজ
৬। মহান মুক্তিযুদ্ধের ৩০ লাখ শহীদকে চিহ্নিত করার পরিকল্পনা রয়েছে : সংসদে প্রধানমন্ত্রী
৭। প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে দেশে দারিদ্র্যের হার ৪০ থেকে ২১ শতাংশে নেমেছে : স্পিকার
৮ । তথ্য অধিকার আইনে ৯৫ হাজার ২৩৩ তথ্য সরবরাহ করা হয়েছে : সংসদে তথ্যমন্ত্রী
৯। দেশে চিনি উৎপাদন বার্ষিক এক লাখ মেট্রিক টন : সংসদে শিল্পমন্ত্রী
১০। আগামী বছরেই শতভাগ মানুষের ঘরে বিদ্যুৎ : সংসদে বিদ্যুৎ প্রতিমন্ত্রী
১১। চট্টগ্রাম ওয়াসার ১১শ' কোটি টাকার ভান্ডালজুড়ি প্রকল্প 'ক্রয়সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি'তে অনুমোদন
১২। আন্দোলন নয়, খালেদা জিয়ার মুক্তির জন্য আইনি পথে থাকুন : বিএনপি নেতাদের প্রতি তথ্যমন্ত্রী
১৩। বাংলাদেশে আরো বাণিজ্য বাড়াতে পারে চীন : কুনমিংয়ে বাণিজ্যমন্ত্রী
১৪। দুই মাসের মধ্যে রাজধানীর অবৈধ যান বন্ধে কমিটি গঠন
১৫। প্রকল্পের আগে সঠিকভাবে সম্ভাব্যতা যাচাই করতে হবে : পরিকল্পনামন্ত্রী
১৬। সৌদি কর্তৃপক্ষের প্রস্তুতির অভাবে হজ ভিসা পেতে বিলম্ব : ধর্ম প্রতিমন্ত্রী

চলমান পাতা-২

১। **রাষ্ট্রপতি ৭ দিনের সরকারি সফর শেষে গতকাল দেশে ফিরেছেন**

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ মধ্য-এশিয়ার দু'টি দেশ তাজিকিস্তান ও উজবেকিস্তানে ৭ দিনের সরকারি সফর শেষে গতকাল (১৯ জুন বুধবার) রাতে দেশে ফিরেছেন। বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের একটি ভিভিআইপি ফ্লাইট রাত ১১টা ২২ মিনিটে রাষ্ট্রপতি ও তাঁর সফরসঙ্গীদের নিয়ে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণ করে। এর আগে, ভিভিআইপি ফ্লাইটটি রাষ্ট্রপতি ও তাঁর সফরসঙ্গীদের নিয়ে স্থানীয় সময় ৩টা ১৫ মিনিটে উজবেকিস্তানের রাজধানী তাসখন্দ আন্তর্জাতিক বিমানবন্দর থেকে উড্ডয়ন করে। উজবেকিস্তানের উপ-প্রধানমন্ত্রী আজিজ আবদুল করিমভ, উজবেকিস্তানে বাংলাদেশের রাষ্ট্রদূত এবং দু'দেশের পদস্থ বেসামরিক ও সামরিক কর্মকর্তারা বিমান বন্দরে রাষ্ট্রপতিকে বিদায় জানান। সূত্র : **জনকণ্ঠ** (পৃ.২,ক.৭), **সমকাল** (পৃ.৫,ক.১), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.১)।

২। **রাষ্ট্রপতি সমরকন্দে ইমাম বুখারীর মাজার জিয়ারত করেন**

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ গত মঙ্গলবার সমরকন্দে বিখ্যাত হাদিসবেত্তা আবু আবদুল্লাহ মোহাম্মদ বিন ইসমাইল আল-বুখারী (রা.) (ইমাম বুখারী)-এর মাজার জিয়ারত করেছেন। পারস্যের ইসলামিক চিন্তাবিদ ও হাদিসের সঙ্কলক ইমাম বুখারী ৮৭০ খ্রিস্টাব্দের ১ সেপ্টেম্বর উজবেকিস্তানের বুখারায় ইন্তেকাল করেন। রাষ্ট্রপতি তাজিকিস্তান ও উজবেকিস্তানে তাঁর সাত দিনের সরকারি সফরের অংশ হিসেবে হজরত খাজা খিজির (আ.) কমপ্লেক্সে উজবেকিস্তানের প্রথম প্রেসিডেন্ট ইসলাম করিমভের কবর জিয়ারত ও ফাতেহা পাঠ করেন। এ সময় তিনি পুষ্পস্তবক অর্পণ করে শ্রদ্ধা নিবেদন করেন। এ সময় সমরকন্দের গভর্নর এবং মাজার মসজিদের পেশ ইমাম ইরকিনজন তুরদিমভ রাষ্ট্রপতিকে অভ্যর্থনা জানান। পরে মুসলিম উম্মার শান্তি ও সমৃদ্ধি কামনায় বিশেষ দোয়া মোনাজাত করা হয়। রাষ্ট্রপতি সমরকন্দের গভর্নরের আমন্ত্রণে উজবেকিস্তানের প্রয়াত প্রথম প্রেসিডেন্টের সাবেক বাসভবনে মধ্যহ্ন ভোজে যোগ দেন। এছাড়া রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ইমাম বুখারী (রা.) আন্তর্জাতিক বিজ্ঞান ও গবেষণাকেন্দ্র পরিদর্শন করেন। রাষ্ট্রপতি আমির তৈমুরের জাদুঘর এবং উজবেকিস্তানের জাতীয় কৃষ্টি ও সংস্কৃতির নিদর্শন ঐতিহাসিক কিছু স্থান পরিদর্শন করেন। সূত্র : **জনকণ্ঠ** (পৃ.১,ক.৭)।

৩। **সবার জন্য স্বাস্থ্যবিমা চালুর পরিকল্পনা আছে : সংসদে প্রধানমন্ত্রী**

জনগণের স্বাস্থ্যসেবা নিশ্চিত করার লক্ষ্যে সরকার সারাদেশে সবার জন্য স্বাস্থ্যবীমা চালুর পরিকল্পনা নিয়েছে বলে সংসদকে জানালেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। গতকাল (১৯ জুন বুধবার) সংসদে উপস্থাপিত প্রশ্নোত্তরে তিনি এ কথা জানান। প্রধানমন্ত্রী আরো জানান, স্বাস্থ্যবীমা করার লক্ষ্যে একটি পাইলট প্রকল্প শুরু হয়েছে। এ পরিকল্পনার অংশ হিসেবে টাঙ্গাইল জেলার মধুপুর, ঘাটাইল ও কালিহাতী উপজেলায় পরীক্ষামূলক স্বাস্থ্যবীমা কার্যক্রম চালু করেছি। পরীক্ষামূলক এ কর্মসূচি সফল হলে সারাদেশে এটি চালু হবে। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৩), **অবজারভার** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.১)।

৪। **এশিয়া প্যাসিফিকে প্রবৃদ্ধিতে শীর্ষে বাংলাদেশ : প্রধানমন্ত্রীর কাছে এডিবি প্রতিবেদন হস্তান্তর**

এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি) বলেছে, প্রবৃদ্ধি অর্জনের ক্ষেত্রে এশিয়া প্যাসিফিক অঞ্চলের ৪৫টি দেশের মধ্যে বাংলাদেশ সবার শীর্ষে। গতকাল (১৯ জুন বুধবার) প্রধানমন্ত্রী শেখ হাসিনার কাছে হস্তান্তর করা এশীয় উন্নয়ন আউটলুট প্রতিবেদনে এডিবি বলেছে, ২০১৮ অর্থবছরে বাংলাদেশ ৭ দশমিক ৯ শতাংশ প্রবৃদ্ধি অর্জন করেছে, যা ১৯৭৪ সালের পর সবচেয়ে বেশি। বাংলাদেশে এডিবির আবাসিক পরিচালক মনমোহন প্রকাশ গতকাল সংসদ ভবনে প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনার কাছে এশীয় উন্নয়ন আউটলুট (এডিও) এর কপি হস্তান্তর করেন। সূত্র- **সমকাল** (পৃ.২,ক.৮), **ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৪), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.৭)।

**৫। প্রধানমন্ত্রী বিশ্ব পরিবেশ দিবস ও বৃক্ষমেলা উদ্বোধন করবেন আজ**

বিশ্ব পরিবেশ দিবস আজ পালিত হচ্ছে। এ উপলক্ষে প্রধানমন্ত্রী শেখ হাসিনা জাতীয় বৃক্ষরোপণ অভিযান ও বৃক্ষমেলা ২০১৯ উদ্বোধন করবেন। গতকাল (১৯ জুন বুধবার) মন্ত্রণালয়ের সভাকক্ষে এক সংবাদসম্মেলনে এ তথ্য জানান পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন বিষয়কমন্ত্রী মোঃ শাহাবউদ্দিন। মন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রে সকাল ১০টায় দিবসটির কার্যক্রম উদ্বোধন করবেন। প্রতিবছর ৫ জুন বিশ্ব পরিবেশ দিবস পালিত হয়ে আসছে, কিন্তু এ বছর ঈদ-উল-ফিতরের কারণে আমরা তারিখ পিছিয়ে দিয়েছি। এ বছর পরিবেশ দিবসের প্রতিপাদ্য 'বায়ু দূষণ' এবং দিবসের স্লোগান 'আসুন, বায়ুদূষণ রোধ করি' বলে জানান মন্ত্রী। এবার জাতীয় বৃক্ষরোপণ অভিযান ও বৃক্ষমেলা ২০১৯ এর প্রতিপাদ্য 'শিক্ষায় বন ও পরিবেশ, আধুনিক বাংলাদেশ'। এ বছর পরিবেশ সংরক্ষণ ও উন্নয়নে অবদানের স্বীকৃতিস্বরূপ তিনটি ক্যাটাগরিতে ব্যক্তি ও প্রাতিষ্ঠানিক পর্যায়ে পাঁচটি 'জাতীয় পরিবেশ পদক ২০১৯' দেয়া হবে। বন্যপ্রাণী সংরক্ষণে অবদান রাখার জন্য 'বঙ্গবন্ধু অ্যাওয়ার্ড ফর ওয়ার্ল্ড লাইভ কনজারভেশন', বৃক্ষরোপণে 'প্রধানমন্ত্রী জাতীয় পুরস্কার' এবং সামাজিক বনায়নে সুবিধাভোগীদের হাতে চেক তুলে দেবেন প্রধানমন্ত্রী। সূত্র : **জনকণ্ঠ** (পৃ.১,ক.৫), **নিউজ টুডে** (পৃ.২,ক.৪), **নিউ নেশন** (পৃ.৩,ক.৫)।

**৬। মহান মুক্তিযুদ্ধের ৩০ লাখ শহীদকে চিহ্নিত করার পরিকল্পনা রয়েছে : সংসদে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভবিষ্যতে ৩০ লাখ শহীদকে চিহ্নিত করতে তাঁর সরকারের পরিকল্পনার কথা তুলে ধরে বলেছেন, একাত্তরে ৯ মাসব্যাপী স্বাধীনতা যুদ্ধে সারাদেশে ৩০ লাখ শহীদ চিহ্নিত করা সম্ভব হয়নি। ভবিষ্যতে এ লক্ষ্যে কার্যক্রম করার পরিকল্পনা সরকারের রয়েছে। তিনি আরও বলেন, বর্তমান সরকার মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয়ের মাধ্যমে মহান স্বাধীনতা যুদ্ধে অংশগ্রহণকারী সব বীর মুক্তিযোদ্ধার তথ্য সংগ্রহ করে ডাটাবেজ প্রস্তুত করে মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশ করেছে। গতকাল (১৯ জুন বুধবার) জাতীয় সংসদে উত্থাপিত প্রশ্নোত্তরপর্বে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। অপর এক প্রশ্নের জবাবে প্রধানমন্ত্রী আরও বলেন, বীর মুক্তিযোদ্ধাদের প্রকাশিত তালিকার বাইরে যদি কোনো মুক্তিযোদ্ধা থেকে থাকেন, তা শনাক্ত করে উক্ত তালিকায় প্রকাশ করা সম্ভব হবে। এ তালিকার অংশ হিসেবে বর্তমানে ৫ হাজার ৭৯৫ শহীদ বীর মুক্তিযোদ্ধার নাম-ঠিকানা সংবলিত পূর্ণাঙ্গ তথ্য মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। সূত্র-**যুগান্তর** (শেষ পৃ,ক.৬), **সংবাদ** (পৃ.১,ক.১), **অবজারভার** (শেষ পৃ,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.১)।

**৭। প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে দেশে দারিদ্র্যের হার ৪০ থেকে ২১ শতাংশে নেমেছে : স্পিকার**

জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেছেন, বিগত ১০ বছরে প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে দেশে দারিদ্যের হার ৪০ শতাংশ থেকে ২১ শতাংশে নেমে এসেছে। দারিদ্র্য বৈষম্য নিরসনে সামাজিক নিরাপত্তা কৌশল গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। মাঠ পর্যায়ে সামাজিক নিরাপত্তা সংক্রান্ত কার্যক্রমের সুবিধা যাতে প্রকৃত দরিদ্র ব্যক্তির কাছে পৌঁছে সে বিষয়ে সংসদ সদস্যরা প্রয়োজনীয় তদারকি করবেন। গতকাল (১৯ জন বুধবার) সংসদ ও মন্ত্রিপরিষদ বিভাগ আয়োজিত নবনির্বাচিত সংসদ সদস্যদের জন্য জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল সম্পর্কে অবহিতকরণ কর্মশালায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। স্পিকার আরো বলেন, ২০১৯-২০ অর্থবছরের প্রস্তাবিত বাজেট সামাজিক নিরাপত্তা খাতের ব্যাপ্তি বাড়িয়ে ৭৪ হাজার কোটি টাকা করা হয়েছে। সূত্র : **ইত্তেফাক** (পৃ.২,ক.২), **সমকাল** (পৃ.৫,ক.৬), **অবজারভার** (পৃ.৩,ক.৬), **ডেইলি সান** (পৃ.৩,ক.২)।

**৮। তথ্য অধিকার আইনে ৯৫ হাজার ২৩৩ তথ্য সরবরাহ করা হয়েছে : সংসদে তথ্যমন্ত্রী**

তথ্য অধিকার আইনে ২০১৮ সাল পর্যন্ত ৯৫ হাজার ২৩৩টি তথ্য সরবরাহ করা হয়েছে বলে জানিয়েছেন তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্মুদ। গতকাল (১৯ জুন বুধবার) জাতীয় সংসদ অধিবেশনে উত্থাপিত প্রশ্নোত্তরপর্বে তিনি আরও জানান, আইন প্রণয়নের পর থেকে এ পর্যন্ত ৯৯ হাজার ২৩৮টি তথ্য প্রাপ্তির আবেদন পাওয়া যায়। অপর এক প্রশ্নের জবাবে তথ্যমন্ত্রী জানান, ঢাকাসহ সারাদেশে নিবন্ধনকৃত পত্রিকার সংখ্যা ৩ হাজার ১২৮টি। যারা নীতিমালা অনুসরণ করে পত্রিকা প্রকাশ করছে না, তাদের বিরুদ্ধে চলচ্চিত্র ও প্রকাশনা অধিদফতর (ডিএফপি) মিডিয়া

তালিকাভুক্তি বাতিলসহ এবং ছাপাখানা ও প্রকাশনা ঘোষণা ও নিবন্ধিকরণ আইন, ১৯৭৩ অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হয়। সূত্র : **সমকাল** (পৃ.১৯,ক.৮), **সংবাদ** (শেষ পৃ.,ক.২)।



**৯। দেশে চিনি উৎপাদন বার্ষিক এক লাখ মেট্রিক টন : সংসদে শিল্পমন্ত্রী**

শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ুন বলেছেন, বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশনের অধীন দেশে রাষ্ট্রায়ত্ব চিনিকলের সংখ্যা ১৫টি। এসব চিনিকলে আখ প্রাপ্তিসাপেক্ষে গড়ে বার্ষিক চিনি উৎপাদনের পরিমাণ প্রায় ১ লাখ মেট্রিক টন। গতকাল (১৯ জুন বুধবার) জাতীয় সংসদে প্রশ্নোত্তরপর্বে শিল্পমন্ত্রী এ তথ্য জানান। সূত্র : **ইনকিলাব** (পৃ.৮,ক.৬)।

**১০। আগামী বছরেই শতভাগ মানুষের ঘরে বিদ্যুৎ : সংসদে বিদ্যুৎ প্রতিমন্ত্রী**

বর্তমানে দেশের প্রায় ৯৩ শতাংশ মানুষ বিদ্যুৎ সুবিধার আওতায় রয়েছে। সরকারের নির্বাচনি ইশতেহার অনুযায়ী, ২০২০ সালের মধ্যেই দেশের শতভাগ জনগণকে বিদ্যুৎ সুবিধার আওতায় নিয়ে আসার লক্ষ্যে কার্যক্রম গ্রহণ করা হয়েছে। গতকাল (১৯ জুন বুধবার) সংসদে উত্থাপিত প্রশ্নোত্তরপর্বে বিদ্যুৎ প্রতিমন্ত্রী নসরুল হামিদ এ তথ্য জানান। অপর এক প্রশ্নের জবাবে তিনি বলেন, দেশে এ পর্যন্ত আবিষ্কৃত ২৭টি গ্যাসক্ষেত্রের মধ্যে ২০টি থেকে গ্যাস উৎপাদন হচ্ছে। এসব গ্যাসক্ষেত্রে খননকৃত মোট কূপের সংখ্যা ১৫। বর্তমানে ১১২টি কূপের মাধ্যমে গ্যাস উৎপাদন করা হচ্ছে, যার উত্তোলনযোগ্য মজুদ ২৭ দশমিক ৮১ ট্রিলিয়ন ঘনফুট (টিসিএফ)। সংসদে আরো এক প্রশ্নের জবাবে বিদ্যুৎ প্রতিমন্ত্রী বলেন, গৃহস্থালি ছাড়া অন্য সব শ্রেণীতে (বিদ্যুৎ, সার, শিল্প, ক্যাপটিভ, চা-বাগান, সিএনজি ও বাণিজ্যিক) মিটারের মাধ্যমে গ্যাস সরবরাহ করা হচ্ছে। গৃহস্থালি পর্যায়ে গ্যাসের অপচয় রোধে ও জ্বালানির দক্ষ ব্যবহার নিশ্চিতকল্পে গত মে মাস পর্যন্ত প্রায় ২ লাখ ৮ হাজার প্রি-পেইড মিটার স্থাপন করা হয়েছে। এছাড়া দেশের সব গৃহস্থালি গ্রাহক পর্যায়ে পর্যায়ক্রমে প্রি-পেইড মিটার স্থাপনের পরিকল্পনা নেয়া হয়েছে। সূত্র-**বণিক বার্তা** (পৃ.২,ক.৫), **সংবাদ** (শেষ পৃ.ক.৩)।

**১১। চট্টগ্রাম ওয়াসার ১১শ' কোটি টাকার ভান্ডালজুড়ি প্রকল্প 'ক্রয়সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি'তে অনুমোদন**

চট্টগ্রাম ওয়াসার প্রায় ১১শ' কোটি টাকার ভান্ডালজুড়ি প্রকল্প গতকাল (১৯ জুন বুধবার) কৃষিমন্ত্রী ড. আবদুর রাজ্জাক সভাপতিত্বে গতকাল (১৯ জুন বুধবার) ক্রয়সংক্রান্ত মন্ত্রণালয়ের বৈঠকে সভাপতিত্ব করেন। মন্ত্রিসভার ক্রয়সংক্রান্ত কমিটির বৈঠকে অনুমোদন দেয়া হয়েছে। প্রকল্পটি বাস্তবায়িত হলে পাইপলাইনে যুক্ত হবে দৈনিক আরও ৬ কোটি লিটার পানি। তখন চট্টগ্রাম ওয়াসার পানি সরবরাহ হবে কর্ণফুলী দক্ষিণ পাড়েও। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান টানেল নির্মাণের পর সেখানেও গড়ে উঠবে শিল্পকারখানা এবং আবাসন। সূত্র : **জনকণ্ঠ** (পৃ.১৮,ক.১), **অবজারভার** (শেষ পৃ,ক.৪), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (শেষ পৃ,ক.৩)।

**১২। আন্দোলন নয়, খালেদা জিয়ার মুক্তির জন্য আইনি পথে থাকুন : বিএনপি নেতাদের প্রতি তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ বিএনপি নেতাদের উদ্দেশে বলেছেন, আন্দোলন নয়, খালেদা জিয়ার মুক্তির জন্য আইনি পথে থাকুন। গতকাল (১৯ জুন বুধবার) রাজধানীর বসুন্ধরায় নর্থ সাউথ ইউনিভার্সিটি চত্বরে আয়োজিত এক অনুষ্ঠান শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। এসময় তথ্যমন্ত্রী বলেন, সব বিশ্ববিদ্যালয়েই মেধাবী দরিদ্র শিক্ষার্থীদের জন্য বিশেষ বৃত্তির ব্যবস্থা রয়েছে। তিনি তা আরও বাড়ানোর অনুরোধ করেন। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.২,ক.৪)।

**১৩। বাংলাদেশে আরো বাণিজ্য বাড়াতে পারে চীন : কুনমিংয়ে বাণিজ্যমন্ত্রী**

সাউথ এন্ড সাউথইস্ট এশিয়ায় বাণিজ্য বাড়ানোর প্রচুর সুযোগ রয়েছে। এশিয়ার মধ্যে বাংলাদেশ রপ্তানি বাণিজ্যে গুরুত্বপূর্ণ অবস্থানে রয়েছে। চীন বাংলাদেশে আরো বেশি বিনিয়োগ বাড়াতে পারে বলে জানিয়েছেন বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি। চীনের কুনমিংয়ে বাণিজ্যমন্ত্রী বলেন, সপ্তাহব্যাপী আয়োজিত সাউথ এন্ড সাউথইস্ট এশিয়া কমোডিটি এক্সপো এন্ড ইনভেস্টমেন্ট ফেয়ার-২০১৯ বিনিয়োগের প্লাটফর্ম হতে পারে। বাণিজ্যমন্ত্রী গতকাল (১৯ জুন বুধবার) চীনের কুনমিংয়ে সপ্তাহব্যাপী চীন সরকার আয়োজিত সাউথ এন্ড সাউথইস্ট এশিয়া কমোডিটি এক্সপো এন্ড ইনভেস্টমেন্ট ফেয়ার উদ্বোধন অনুষ্ঠানে এসব কথা বলেন। তিনি বলেন, এ মুহূর্তে বাংলাদেশে বিনিয়োগের গুরুত্বপূর্ণ শাখাগুলো হলো জাহাজনির্মাণ, কৃষিপণ্য প্রক্রিয়াকরণ, আইসিটি, পাট পণ্যের বহুমুখীকরণ, অবকাঠামোর উন্নয়ন এবং পর্যটনক্ষেত্র। বাংলাদেশ এখন বিনিয়োগকারীদের বিশেষ সুবিধা প্রদান করছে। ফলে বিশ্বের বিনিয়োগকারীরা বাংলাদেশে বিনিয়োগের জন্য এগিয়ে আসতে শুরু করেছে। বাংলাদেশের রপ্তানি বাণিজ্য দ্রুত এগিয়ে যাচ্ছে উল্লেখ করে বাণিজ্যমন্ত্রী আরো বলেন,

তৈরিপোশাকের পাশাপাশি বাংলাদেশের তৈরি ওষুধ বিশ্ববাজারে বেশ জনপ্রিয় হয়ে উঠেছে। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.৩,ক.২), **আমাদের অর্থনীতি** (পৃ.৭,ক.১)।



**১৪। দুই মাসের মধ্যে রাজধানীর অবৈধ যান বন্ধে কমিটি গঠন**

আগামী দুই মাসের মধ্যে রাজধানীতে চলাচলকারী অবৈধ যান বন্ধে ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের মেয়র সাঈদ খোকনকে সমন্বয়ক করে কমিটি গঠন করা হয়েছে। এ কমিটি দুই মাসের মধ্যে ফুটপাতও দখলমুক্ত করবে। গতকাল (১৯ জুন বুধবার) নগর ভবনে ঢাকা যানবাহন সমন্বয় কর্তৃপক্ষের পরিচালনা পরিষদের ১২তম সভায় এসব সিদ্ধান্ত হয়। এতে সভাপতিত্ব করেন সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। এ সময় সেতুমন্ত্রী বলেন, দুই মাসের মধ্যে ঢাকায় চলাচলকারী নিবন্ধনহীন রিকশা, অবৈধ ইজিবাইক ও অটোরিকশা চলাচল বন্ধ করা হবে। মন্ত্রী আরো জানান, ঢাকার বাইরের জেলা থেকে রাজধানীতে অটোরিকশা ও অবৈধ যান প্রবেশ বন্ধ করবে কমিটি। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৫), **সংবাদ** (পৃ.১,ক.৪), **নিউজ টুডে** (পৃ.১,ক.২), **নিউ নেশন** (শেষ পৃ,ক.৩)।

**১৫। প্রকল্পের আগে সঠিকভাবে সম্ভাব্যতা যাচাই করতে হবে : পরিকল্পনামন্ত্রী**

প্রকল্প বাস্তবায়নে গতি বাড়ানোর তাগিদ দিয়ে পরিকল্পনামন্ত্রী এম এ মান্নান কর্মকর্তাদের উদ্দেশে বলেছেন, প্রকল্প প্রণয়ন সংশ্লিষ্ট বা লাইন মিনিস্ট্রি থেকে খোঁড়া ফিজিবিলিটি করে প্রকল্প আমার হাতে চলে আসে। প্রকল্প নেওয়ার আগে ফিজিবিলিটি স্টাডি (সম্ভাব্যতা যাচাই) ভালো করে করতে হবে। সাধারণ মানুষের কল্যাণেই প্রকল্প হাতে নেয় সরকার। এজন্য প্রকল্প প্রণয়নের আগে সঠিকভাবে সম্ভাবতা যাচাই করতে হবে। গতকাল (১৯ জুন বুধবার) রাজধানীর শেরেবাংলানগরে এনইসি সম্মেলনকক্ষে ডিজিটাল একনেক বিষয়ে আয়োজিত কর্মশালায় যোগ দিয়ে কর্মকর্তাদের এসব পরামর্শ দেন পরিকল্পনামন্ত্রী। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১৮,ক.৫), **সমকাল** (পৃ.১২,ক.৫)।

**১৬। সৌদি কর্তৃপক্ষের প্রস্তুতির অভাবে হজ ভিসা পেতে বিলম্ব : ধর্ম প্রতিমন্ত্রী**

ঘোষিত সময়ের মধ্যে হজযাত্রীদের ভিসা দেয়া শুরু হয়নি। সৌদি আরব কর্তৃপক্ষের প্রস্তুতির অভাবেই এ বিলম্ব। তবে দুয়েকদিনের মধ্যেই ভিসা কার্যক্রম শুরু হবে বলে আশা করছেন ধর্ম প্রতিমন্ত্রী শেখ মো. আব্দুল্লাহ। গতকাল (১৯ জুন বুধবার) রাজধানীর আশকোনা হজ ক্যাম্পে 'হজ চিকিৎসক দলের প্রশিক্ষণ' অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। এ বছর হজযাত্রা খুবই সুশৃঙ্খল ও স্বাচ্ছন্দ্যময় হবে উল্লেখ করে প্রতিমন্ত্রী আরো বলেন, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স ৫০ শতাংশ ও সৌদি এয়ারলাইন্স ৫০ শতাংশ যাত্রী পরিবহণ করবে। এরই মধ্যে বিমান ৬০ হাজার এবং সৌদি এয়ারলাইন্স ৩০ হাজারের মতো টিকিট বিক্রি করেছে। বিমানের শিডিউল বিপর্যয়ের মতো পরিস্থিতিরও সৃষ্টি হবে না বলে আশা করছেন প্রতিমন্ত্রী। এছাড়া হজযাত্রীদের জন্য জেদ্দা, মক্কা ও মদিনায় তিনটি মেডিকেল ক্যাম্প থাকবে বলেও তিনি জানান। সূত্র-**বণিকবার্তা** (পৃ.২,ক.৫), **ইনকিলাব** (পৃ.১,ক.৫)।

**সম্পাদকীয়**

ক. **সমকাল, যায়যায়দিন, ইনকিলাব :** দিনাজপুরের হাকিমপুর উপজেলায় দেশের প্রথম লোহার খনির সন্ধান লাভ তাৎপর্যপূর্ণ উল্লেখ করে গুরুত্বপূর্ণ ধাতবের আবিষ্কার দেশের অবকাঠামোগত উন্নয়ন ও অর্থনীতিতে সুদুরপ্রসারী ভূমিকা রাখবে বলে প্রত্যাশা ব্যক্ত।

খ. **যায়যায়দিন, ভোরের কাগজ, নিউ এজ :** মেয়াদোত্তীর্ণ ওষুধ বাজার থেকে জব্দ করে এক মাসের মধ্যে ধ্বংস করতে নির্দেশ দিয়েছে হাইকোর্ট উল্লেখ করে এ নির্দেশনা দ্রুত বাস্তবায়ন করার ওপর গুরুত্বারোপ।

গ. **বণিকবার্তা :** গবেষণা ছাড়াই চলছে সাত পাবলিক বিশ্ববিদ্যালয়-এক প্রতিবেদনে তা প্রকাশিত হওয়ার কথা উল্লেখ করে গবেষণাখাতে বরাদ্দের পরিমাণ বাড়িয়ে বিশ্ববিদ্যালয়ের গবেষণা কার্যক্রমে গতি আনার পরামর্শ

ঘ. **এশিয়ান এজ :**দেশের প্রতিটি স্কুলে খেলাধুলার জন্য পর্যাপ্ত মাঠের ব্যবস্থা করার ওপর গুরুত্বারোপ।

ঙ. **ইন্ডিপেনডেন্ট :** জনস্বাস্থ্যের জন্য মারাত্নক ক্ষতিকর হাসপাতাল বর্জ্য নিরাপদভাবে ফেলা হয় না উল্লেখ করে যথাযথভাবে এ ধরনের বর্জ্য ব্যবস্থাপনা গড়ে তোলার সুপারিশ।

চ. **ঢাকা ট্রিবিউন :** ডেঙ্গু জ্বরের প্রকোপ এড়াতে সচেতনতার আহ্বান।

**উপসম্পাদকীয়**

**যায়যায়দিন** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, এবারের বাজেটে সরকার সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় যেসব কল্যাণমুখী পদক্ষেপ নিয়েছে তা সত্যিই প্রশংসনীয়।

**নিবন্ধ ও ফিচার**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'প্লাস্টিক দ্রব্য ও পরিবেশ দূষণ'** শিরোনামের নিবন্ধে উল্লেখ করা হয়েছে, পরিবেশদূষণ রোধকল্পে প্লাস্টিক দ্রব্যসামগ্রী ব্যবহার আমাদের সবাইকে ত্যাগ করতে হবে এবং ব্যবহৃত প্লাস্টিক পণ্য যত্রতত্র না ফেলে এগুলো নিদিষ্ট স্থানে ফেলতে হবে।

#

ডালিয়া/মরজিনা/সাঈদা/রশীদ/মাসুম/২০১৯/৯.০০ঘন্টা